# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশা/পাবনা-১২৬/১৫৩

তারিখ: ৬ কার্তিক ১৪৩২
২২ অক্টোবর ২০২৫

বিষয় : সুপার জনাব মো: আব্দুল ওয়াহহাবকে স্বপদে দায়িত্ব পালন প্রসঙ্গে।

সূত্র: ১। জনাব মো: আব্দুল ওয়াহহাব এর ১৭.০৪.২০২৫ইং তারিখের আবেদন;
২। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০০৩.১৯-২১৩; তারিখ:২৮/০৭/২০১৯ খ্রি.;
৩। নং বামাশিবো/প্রশা/পাবনা-১২৬/৮৮; তারিখ: ১৯/০৮/২০২৫ খ্রি:
৪। নং বামাশিবো/প্রশা/পাবনা-১২৬/৯৬; তারিখ: ২৮/০৮/২০২৫ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে পাবনা জেলার চাটমোহর উপজেলাধীন সামাদ সওদা মহিলা দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: আব্দুল ওয়াহহাবকে স্বপদে পুনর্বহালের জন্য সূত্রোক্ত ১নং স্মারকে আবেদন করা হয়েছে। আবেদনে উল্লেখ করা হয়েছে ০৫.০৪.২০১৭ ইং তারিখে জনাব মো: আব্দুল ওয়াহহাবকে সাময়িক বরখাস্ত করা হয় এবং বেতন-ভাতা বন্ধ করা হয়। উক্ত বিষয়ে জনাব মো: আব্দুল ওয়াহহাব মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৪১০০/২০১৭ মামলা দায়ের করেন।

০২. পরবর্তীতে তিনি কনটেম্পট পিটিশন নং-৩১৯/২০১৮ দায়ের করেন। কনটেম্পট পিটিশনের প্রেক্ষিতে সূত্রোক্ত ২নং স্মারক মূলে ডিসেম্বর ২০১৯ থেকে ফেব্রুয়ারি ২০২৫ খ্রি: পর্যন্ত জনাব মো: আব্দুল ওয়াহহাবকে বেতন ভাতা প্রদান করা হয়।

০৩. পরবর্তীতে মার্চ, ২০২৫ থেকে তার বেতন-ভাতা পুনরায় বন্ধ করা হলে সংক্ষুব্ধ হয়ে তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৮০৭৩/২০২৫ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগের রায়ের আলোকে জনাব মো: আব্দুল ওয়াহহাব কে স্ব-পদে পুনর্বহাল পূর্বক তার বেতন-ভাতা পরিশোধের ব্যবস্থা গ্রহণ করে বোর্ড কর্তৃক সূত্রোক্ত ৩ নং স্মারকে সভাপতি ও ভারপ্রাপ্ত সুপার কে পত্র দেয়া হয়। বোর্ডের আদেশ প্রতিপালন না করায় সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, চাটমোহর, পাবনা কে সূত্রোক্ত ৪ নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, চাটমোহর, পাবনা মতামত প্রদান করেন যে, মহামান্য হাইকোর্ট বিভাগের রায়, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের আদেশের প্রতি মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক অসম্মান করা হয়েছে।

০৪. মহামান্য হাইকোর্টের আদেশ বাস্তবায়নের নির্দেশনা থাকায় জনাব মো: আব্দুল ওয়াহহাব পত্র জারির পর থেকে স্ব-পদে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো এবং একই সাথে সুপার জনাব মো: আব্দুল ওয়াহহাব কর্তৃক মাদ্রাসার পাসওয়ার্ড পরিবর্তনসহ পরিচালনা কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশ দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২২.১০.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

মাদ্রাসা প্রধান
সামাদ সওদা মহিলা দাখিল মাদ্রাসা, চাটমোহর, পাবনা

নং-বামাশিবো/প্রশা/পাবনা-১২৬/১৫৩/1(2)

তারিখ: ৬ কার্তিক ১৪৩২
২২ অক্টোবর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, পাবনা;
২. জেলা শিক্ষা অফিসার, পাবনা;
৩. উপজেলা নির্বাহী অফিসার, চাটমোহর, পাবনা (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ);
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চাটমোহর, পাবনা;
৫. জনাব মো: আব্দুল ওয়াহহাব, সুপার, সামাদ সওদা মহিলা দাখিল মাদ্রাসা, চাটমোহর, পাবনা;
৬. ম্যানেজার, সোনালী/রূপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি:, ........................ শাখা, চাটমোহর, পাবনা;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

22/10/25

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

D:\Jasim Desktop\...(1) (1) জারিকৃত.doc